



# জাতীয় বিশ্ববিদ্যালয় বাংলাদেশ

স্মারক নং : জাতীয়বিঃ/পনি/মাফা পরীক্ষা/২০০৬/১৪৫/২০২১/৮৬২

তারিখ : ২৭/০৮/২০২৪

## পুনঃবিজ্ঞপ্তি

### ২০২১ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার উত্তরপত্র পুনঃনিরীক্ষণের সময়বৃদ্ধি প্রসঙ্গে

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২১ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার প্রকাশিত ফলাফল-এর উত্তরপত্র পুনঃনিরীক্ষণের জন্য আগামী ০১/০৯/২০২৪ তারিখ রবিবার সকাল ১০.০০ টা থেকে ১৫/০৯/২০২৪ তারিখ রবিবার পর্যন্ত Online-এ আবেদন করা এবং ব্যাংকে টাকা জমা দেয়া যাবে।

পে-স্লিপ সংগ্রহ ও জমাদানের নিয়মাবলীঃ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট 103.113.200.36/PAMS/ICTUnit/Re\_scrutiny.aspx থেকে online- এ আবেদন Form পূরণ করে Payslip ডাউনলোড করে নিকটস্থ সোনালী ব্যাংকের যেকোন শাখার মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে টাকা জমা দিতে হবে অথবা সোনালী ব্যাংকের online payment gateway ব্যবহার করে মোবাইল ব্যাংকিং সেবা বিকাশ, রকেট অথবা বিভিন্ন ধরনের কার্ড যেমন AMERICAN EXPRESS, VISA, DBBL NEXUS, MASTER CARD অথবা সোনালী ব্যাংকের হিসাবধারীরা নিজ হিসাব থেকে online-এ টাকা ট্রান্সফার করে আবেদন করতে পারবে।

নির্ধারিত সময়ের পূর্বে অথবা পরে আবেদন ফরম পূরণ করা, Pay slip ডাউনলোড করা এবং টাকা জমা দেয়া যাবে না। ব্যাংকে প্রচলিত অন্য কোন ফরমে টাকা জমা প্রদান করা হলে এবং পরবর্তীতে যে কোন প্রকার উদ্ভূত জটিলতার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না। ফি জমাদানের সাথে সাথে আবেদন প্রক্রিয়া শেষ হবে। আবেদনের কপি বা পে-স্লিপের কপি বিশ্ববিদ্যালয় প্রেরণের প্রয়োজন নেই।

উল্লেখ্য, উত্তরপত্র পুনঃনিরীক্ষণ/নম্বর যাচাই ফি প্রতি পত্র ৮০০/- (আটশত) টাকা।

Mesbah Uddin

মেজবাহ উদ্দিন

27-08-2024

পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।

ফোনঃ ০২৯৯৬৬৯১৫১৭

ই-মেইল: controller@nu.ac.bd